আজ ‘মেহেরপুর মুক্ত’ দিবস

আজ ৬ ডিসেম্বর। ‘মেহেরপুর মুক্ত’ দিবস। ১৯৭১ সালের এই দিনে বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগর খ্যাত মেহেরপুর হানাদার মুক্ত হয়। মুক্তিযোদ্ধাদের গেরিলা হামলায় দিক-বিদিক হারিয়ে পাকিস্থানী হানাদার বাহিনীর শেষ দলটি ৫ ডিসেম্বর বিকেল থেকে গোপনে মেহেরপুর ছাড়তে থাকে। পরের দিন ৬ ডিসেম্বর রাজনৈতিক মর্যাদাপূর্ণ মেহেরপুর জেলা হানাদার মুক্ত হয়।
২ ডিসেম্বর গাংনী হানাদার মুক্ত হলে শিকারপুরে (ভারত) অবস্থিত মুক্তি বাহিনীর এ্যাকশন ক্যা¤◌েপর ক্যাপ্টেন তৎকালীন মেহেরপুর মহকুমা প্রশাসক (এসডিও) তৌফিক ইলাহী চৌধুরী হাটবোয়ালিয়ায় এসে মুক্তিবাহিনীর ঘাঁটি স্থাপন করেন। মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী সম্মিলিত ভাবে ৫ ডিসেম্বর মেহেরপুরে প্রবেশ করে। সীমান্তে পাকবাহিনীর পুঁতে রাখা অসংখ্য মাইন অপসারনের মধ্য দিয়ে মেহেরপুর পুরোপুরি ভাবে হানাদার মুক্ত হয় ৬ ডিসেম্বর।
জেলা মুক্তিযোদ্ধার সংসদের সাবেক সাংগঠনিক কমান্ডার আমিরুল ইসলাম বলেন, খলিসাকুন্ডি ব্রীজের কাছে আমরা এন্টি ট্যাংক মাইন পুতে একটি পাকিস্তানী গাড়ি উড়িয়ে দেয় এবং সেই গাড়িতে ৭/৮জন পাকিস্তানি সৈন্য ছিল, এতে তারা ছিন্ন বিচ্ছিন্ন হয়ে যায়। পলাশী পাড়া পাগলা সেতুর কাছে আমরা পাক বাহিনীর সাথে সম্মুখ যুদ্ধ করি। এখানে আমি সামান্য আহত হয় এবং অমার বুকে শেলের টুকরা লাগে। অতঃপর ৬ই ডিসেম্বর আমাদের মেহেরপুর জেলা দখল মুক্ত হয়। ঐদিন মেহেপুরের মুক্তিযোদ্ধারা ও সর্বস্তরের লোক একযোগে রাস্তায় নেমে পড়ে আনন্দে উল্লাসিত হয় এবং মিষ্টি মুখ করে উল্লাসে ফেটে পড়েন। এদিকে, মেহেরপুর মুক্ত দিবস উপলক্ষে আজ শুক্রবার বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে জেলা প্রশাসন ও জেলা মুক্তিযোদ্ধা সংসদ। সকাল সাড়ে ৮টায় মুক্তিযোদ্ধা সংসদ ভবন থেকে বিজয় র্যালী বের করা হবে। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন শেষ মেহেরপুর কলেজ মোড় সংলগ্ম শহীদ স্মৃতি সৌধ ও মেহেরপুর জেলা প্রশাসন চত্বরে নবনির্মিত গণকবর স্মৃতি ফলকে শ্রদ্ধাঞ্জলী অর্পন করা হবে। র্যালী ও সমাবেশে জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলী মুক্তিযোদ্ধা ও বিশিষ্টব্যাক্তি বর্গ উপস্থিত থাকার কথা রয়েছে।

- নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রেসক্লাবের নির্বাচনের মনোনয়ন ফরম বিক্রি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন ২০১৯ উপলক্ষ্যে গতকাল বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র সংগ্রহের দিন। নির্বাচনে এগারোটি পদের বিপরীতে চৌদ্দটি ফরম বিক্রয় হয়।

নির্বাচন কমিশনার আবদুল্লাহ আল আমিন ধূমকেতুর কাছ থেকে ক্লাবের নিজস্ব কার্যালয়ে প্রার্থীরা নিজ নিজ পদের জন্য ফরম সংগ্রহ করেন। এ সময় ক্লাবের নির্বাচনী পরিবেশের সৃষ্টি হয়।

উল্লেখ্য আগামী ১৩ ডিসেম্বর মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিকি নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ উনুষ্ঠিত হবে।

- নিজস্ব প্রতিনিধি

জেলা প্রেস ক্লাব থেকে সাংবাদিক মিজানের পদত্যাগ প্রত্যাহার

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সদস্য পদ থেকে পদত্যাগ চেয়ে আবেদন করা ৭ সদস্যের মধ্যে থেকে মিজানুর রহমান তার পদত্যাগ পত্র প্রত্যাহার করে নিয়েছেন।

বৃহস্পতিবার প্রত্যাহার চেয়ে তিনি জেলা প্রেস ক্লাবে আবেদন করেন। প্রত্যাহার প্রসঙ্গে তিনি বলেন পদত্যাগ কারীরা তাকে ভুল বুঝিয়ে তাকে পদত্যাগ পত্রে স্বাক্ষর করিয়ে নিয়েছেন।

এ প্রসঙ্গে জেলা প্রেস ক্লাবের সহ-সভাপতি মাহাবুব চান্দু বলেন, ৭ জন পদত্যাগ চেয়ে আবেদন করলেও ১ জন প্রত্যাহার করে নিয়েছেন। যেহেতু এখন সব কিছু নির্বাচন কমিশনের উপর দায়িত্ব সে হিসেবে নির্বাহী কমিটি তাদের পদত্যাগ পত্র গ্রহন করতে পারে না ।

নির্বাচন শেষ হয়ে গেলে সংগঠনের শৃংখলা ভংঙ্গের দায়ে ঐ ৬ জন কে বহিষ্কার করা হতে পারে।

- নিজস্ব প্রতিনিধি

নির্বাচনের আগেই রাতের আধারে পকেট কমিটি গঠন

চুয়াডাঙ্গা জীবননগর মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয় জীবননগর উপজেলার অন্তরগত মনোহরপুর ইউনিয়নে অবস্থিত।

অত্র বিদ্যালয়টি তার দীর্ঘ দিনের সুনাম আর ঐতিহ্যকে ধারণবাহন করে বহুপথ অতিক্রম করে ভালই চলে আসছিল। কিন্তু চলতি বছরে ম্যানেজিং কমিটির তফসিল ঘোষণার পরপরই সভাপতি নির্বাচনে নানা অনিয়মের অভিযোগে এবং প্রধান শিক্ষকের নানা অনিয়মে জর্জরিত ভানমতির খেলের কারণে শিক্ষাঙ্গনে বিরোধী অনৈতিক কিছু কার্যকলাপের দরুন বিদ্যালয়টি তার দীর্ঘ দিনের সুনাম আর ঐতিহ্যকে হারাতে বসেছে।

একের পর এক অনিয়ম আর দুর্নীতি যেন গ্রাস করে নিচ্ছে বিদ্যালয়টিকে। জীবননগর উপজেলাধীন মনোহরপুর ইউনিয়নের ঐতিহ্যবাহী মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ম্যানেজিং কমিটি গঠনে সঠিকভাবে সরকারী নিয়ম-নীতি অনুসরণ না করে অনিয়ম, দুর্নীতি ও অফিস সহকারীর যোগসাজে নতুন কমিটি গঠনের পায়তারার খবর পাওয়া গেছে। সরকারী নিয়ম-নীতি উপেক্ষা করার সুনির্দিষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও কমিটি অনুমোদন হওয়ায় প্রত্যাশায় বিস্মিত হয়েছে এলাকার জনপ্রতিনিধি ও সুধীসমাজ।

ম্যানেজিং কমিটি গঠনের লক্ষে নিয়োগকৃত প্রিজাইডিং অফিসার ও

জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দীনেশচন্দ্র পাল গত ১৮ নভেম্বর নির্বাচনী তফশীল ঘোষণা করেন। কিন্তু তফসীল ঘোষণার পর তা বহুল প্রচলিত স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করে কিন্তু প্রতিষ্ঠান এলাকায় নিবিড় মাইকিং এর বিধান থাকলেও তা করা হয়নি।
মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নব গঠিত সভাপতি গোলাম রসুলের ক্ষমতার দাপট দেখিয়ে অফিস সহকারী এসএম আকরাম হোসেনের কারসাজিতে প্রধান শিক্ষক প্ররোচিত হয়ে অর্থ লেনদেনের মাধ্যমে মাধ্যমিক শিক্ষা অফিসার দীনেশচন্দ্র পাল প্রিজাইডিং অফিসার ৪ ডিসেম্বর ম্যানেজিং কমিটির নির্বাচন হওয়ার কথা থাকলেও নির্বাচন না করেই গত তিন আগেই রাতের আধারে মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের পকেট কমিটি গঠন করে অনুমোদন করেছে দেই।

মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনের আইন কানুন নিয়ম-নীতির তোয়াক্কা না করেই প্রশাসনকে বোকা বানিয়ে অভিভাবক ও ম্যানেজিং কমিটির সদস্যদের কে নোটিশ না দিয়েই এবং রেজুলেশনে স্বাক্ষর জালিয়াতি করে নির্বাচন সম্পন্ন না করেই সভাপতি নির্বাচন করা হয়েছে।

অপরদিকে নতুন সভাপতি গঠন করার লক্ষ্যে নির্বাচনের জন্য প্রধান শিক্ষকের পক্ষ থেকে নির্বাচিত সদস্যদের নিয়ে সভা আহ্বান করার কথা থাকলেও তা না করে প্রিজাইডিং অফিসার তার নিজ স্বাক্ষরিত নোটিশ প্রদানের মাধ্যমে সিলেকশনের মাধ্যমে তা শেষ করেছেন।

এ পরিস্থিতিতে ম্যানেজিং কমিটি গঠনে সরকারী নিয়মনীতি সঠিকভাবে অনুসরণ করে সভাপতি নির্বাচন এবং অভিভাবকদের ভোটার হালনাগাদ করে শিক্ষার মান উন্নয়নে ভূমিকা রাখবে এবং প্রতিষ্ঠানের এসব অনিয়ম দুর্নীতি, স্কুলের আয়-ব্যয়ের হিসাব নিকাশ এবং স্কুল ফান্ডের অর্থ যাতে কোন প্রকার লুটপাট না হয় সেদিকে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছে এলাকার সুধীজনেরা।

এ বিষয়ে মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য মাসুদ খাঁন সাংবাদিকদের জানান, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচিত হতো অভিভাবকদের ভোটের মাধ্যমে কিন্তু এবার ব্যাতিক্রম হলো। তবে আগের কমিটি ছিলো অভিভাবকদের পছন্দের এবং ভোটের মাধ্যমে কিন্তু বর্তমানে যে পকেট কমিটি গঠনের পায়তারা করা হচ্ছে তা একান্ত ব্যক্তিনির্ভর ও একটি স্বার্থনেষি মহলের দূর্নীতির ফসল। কমিটি যতটুকু জেনেছি তা শাক দিয়ে মাছ ঢাকতে

মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী ক্লার্ক আকরামের পকেট কমিটি । স্কুলের প্রকৃত অর্থে উনি একজন দুর্ণীতি ও সমস্ত অপকর্মের মূলহোতা।

মিটিং না ডেকেও মিটিংয়ে স্বাক্ষর জালিয়াতু করা, ছাত্রছাত্রীদের বিভিন্ন অনিয়ম, ৮ম শ্রেণী পাস সার্টিফিকেট সিনেমার টিকিট বিক্রি করার মতো করে রেজিষ্ট্রেশন মেইনটেইন না করেই প্রধান শিক্ষকে না জানিয়ে এমন হেন কাজ নেই যে তিনি করেন না। তার এসব কুকর্ম ফাঁস হয়ে যাওয়ার ভয়তে এখন এখানে তার পছন্দের পকেট কমিটি দিতে সর্বাত্বক চেষ্ঠা করেছেন বলে মনে করেন শিক্ষা অনুরাজ্ঞী সুধীসমাজ।

মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক বলেন, আমরা কোন সিলেকশন করিনি আমরা ইলেকশনের মাধ্যমে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি তৈরি করেছি।

জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশচন্দ্র পাল বলেন, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়র ম্যানেজিং কমিটি নির্বাচনে কোন প্রার্থী না থাকায় সিলেকশনরে মাধ্যমে শেষ হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম বলেন, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নিয়ে যে অভিযোগ উঠেছে এখনও পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি তবে লিখিত অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

- জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধীদের মাঝে ক্ষুদ্রঋণ ও সহায়ক উপকরণ বিতরণ

‘অভিগম্য আগামীর পথে’ এ শ্লোগানে চুয়াডাঙ্গায় ২৮তম আন্তর্জাতিক ও ২১তম জাতীয় প্রতিবন্ধী দিবস-২০১৯ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে আলোচনা সভা ও প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সন্তোষ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিশেষ অতিথি হিসেবে মেডিকেল অফিসার ডা. আওলিয়ার রহমান, সমাজকল্যাণ পরিষদ সদস্য মুন্সি আলমগীর হান্নান ও শহর সমাজসেবা কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন বক্তব্য রাখেন।

এসময় দগ্ধ ও প্রতিবন্ধী পূণঃর্বাসন ক্ষুদ্র ঋণ কার্যক্রমে চার ব্যক্তিকে ১ লাখ ১০ হাজার টাকা ঋণ প্রদান এবং একজন শিশুকে ১০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়। এছাড়া ১১ জন প্রতিবন্ধীকে সহায়ক উপকরণ বিতরণ করা হয় ।
অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, ‘প্রতিবন্ধীদের জন্য সরকারি সহায়তা বৃদ্ধি করা হয়েছে। প্রতিবন্ধীদের বাদ রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়। তাদের মূল¯◌্রোতের সাথে এগিয়ে নিতে হবে। এজন্য সমাজের সচেতন ও বিত্তবানদের এগিয়ে আসতে হবে।

- নিজস্ব প্রতিনিধি

বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর সরকারি কলেজে ব্যাপক কর্মসূচি

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুর সরকারি কলেজে ৭ দিন ব্যাপী ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করেছে।

গতকাল সকাল দশটায় কলেজ মিলনায়তনে উৎসবের উদ্বোধন ঘোষণা করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ শফিউল ইসলাম সরদার।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উৎসব কমিটির আহ্বায়ক মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক জনাব আবদুল্লাহ আল আমিন।

উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক ফুয়াদ খান, জিয়াউল ইসলাম, মঈনুল ইসলাম, খসরু ইসলাম, বশির আহম্মেদ, মিলন মন্ডল, আউলিয়া খাতুন, মিনা পারভিন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন ২০১৯

গতকাল বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র সংগ্রহের দিন এগারোটি পদের বিপরীতে চৌদ্দটি ফরম বিক্রয় হয়।
নির্বাচন কমিশনার আবদুল্লাহ আল আমিন ধূমকেতুর কাছ থেকে ক্লাবের নিজস্ব কার্যালয়ে প্রার্থীরা নিজ নিজ পদের জন্য ফরম সংগ্রহ করে।

উল্লেখ্য আগামী ১৩ ডিসেম্বর জেলা প্রেসক্লাবের ভোট গ্রহণ উনুষ্ঠিত হবে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে প্রতিবন্ধী দিবস

উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাধা গ্রস্থ শিশু বিদ্যালয়ে জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় চত্বর থেকে একটি র্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

র্যালী শেষে বিদ্যালয় চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহারের সভােপিত্ব বক্তব্য রাখেন উপজেলা সমাজ সেবা অফিসার তৌফিকুর রহমান, সিআরসি সংস্থার পরিচালক এনামুল হক সহ অন্যান্যরা।

প্রতিবন্ধী ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ আলোচনা সভায় অংশ গ্রহন করে।

- গাংনী প্রতিনিধি

গাংনীর সাহারবাটিতে সরকারি জমি দখল করে ঘর নির্মানের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে জেলা পরিষদ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি জোর দখল করে পাকা ঘর নির্মানের অভিযোগ পাওয়া গেছে। জনকল্যাণে ঘরটি নির্মাণ করা হচ্ছে বলে দখলকারিরা জানালেও বিদ্যালয়ের বা জেলা পরিষদের জমি কারো দখল করার সুযোগ নেই বলে জানিয়েছেন স্ব-স্ব কর্তৃপক্ষ।

জানাগেছে, গাংনী উপজেলার সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন চারচারা বাজাস্থ সরকারি একটি জমি জোর দখল করে একটি পাকা

ঘর নির্মাণ করছেন স্থানীয় যুবক টুটুল ও তার সঙ্গীরা।
এমন অভিযোগে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি লিখিত রেজুলেশন দিয়েছেন বিদ্যালয় পরিচালনা কমিটি। বিদ্যালয়ের জমিতে কোন প্রকার অবৈধ স্থাপনা না করার দাবীও জানান তারা। এদিকে জেলা পরিষদের পক্ষ থেকে দাবী করেছেন উক্ত জমি জেলা পরিষদের।

জেলা পরিষদের জমিতে কোন প্রকার অনুমোদন ছাড়ায় ঘর নির্মাণ করছেন তারা এমন অভিযোগ স্থানীয়দের। জেলা পরিষদ বা বিদ্যালয়ের জমি সে যেটাই হোক স্থানীয় জনগনের সহযোগীতায় আইনশৃঙ্খলার অবনতি ঠিক রাখতে এ ঘর নির্মান কাজ বন্ধ করে দিয়েছেন প্রশাসন।

এব্যপারে ঘর নির্মাণে নেতৃত্বদানকারী স্থানীয় যুবক টুটুল জানায়, আমরা জনগনের সেবা করি। জনসার্থে ঘরটি নির্মাণ করা হচ্ছে। তবে জেলা পরিষদের কাছ থেকে অনুমোদন নেয়া হয়নি। এ জমি অনেকেই দখল করে দোকান ঘর নির্মাণ করে ব্যাবসা বানিজ্য করছেন । তাদেরকে কেউ বাধা দেয়নি। কিন্তু স্থানীয় কতিপয় ব্যাক্তি ব্যাক্তিগত আক্রোশে আমরা যে ঘরটি নির্মাণের উদ্যোগ নিয়েছি তাতে বাধা প্রদান করেছেন। এটি পুরোটাই শত্রুতা।

সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মকলেসুর রহমান জানান, আমি লিখিত ভাবে উপজেলা প্রাথামিক শিক্ষা অফিসার কে জানিয়েছি। সেখান থেকে একটি তদন্ত করা হয়েছে। এর বেশি কিছু আমি বলতে পারবোনা।

বিদ্যালয় পরিচালনা কমিটির সহ-সভাপতি রবিউল ইসলাম বলেন, জেলা পরিষদের জমি ৬ ফিট। বাকি জমি বিদ্যালয়ের। তবে বিদ্যালয়ের জমিতে কেউ ঘর করতে পারবে কি পারবেনা সেটা শিক্ষা অফিস দেখভাল করবেন। তবে রাস্তা প্রসস্ত করা হলে অনেক জমি প্রয়োজন, সে ক্ষেত্রে ঘর নির্মাণ করা হলে রাস্তা প্রসস্তকরণ কাজ চরম ভাবে বিগ্নীত হবে।

অভিযোগ তদন্তকারি কর্মকর্তা মোঃ সামসুজ্জোহা বলেন, জমিটি বিদ্যালয়ের বেশ কিছু অংশ দখল করা হয়েছে। এর আগ্েও তাদের একটি ঘর ছিল সেখানে বিদ্যালয়ের বিদ্যুৎ ব্যাবহার করে সরকারি অর্থ নষ্ট করেছে।

মেহেরপুর জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ অতুল জানান, টুটুলের নেতৃত্বে ঘর নির্মাণ করছেন এমন অভিযোগ আমি শুনেছি। উক্ত জমি জেলা পরিষদ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যৌথ জমি। জেলা পরিষদ কিংবা বিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই ঘর

নির্মাণ করা হচ্ছিল, আমি বিষয়টি জানতে পেরে কাজ বন্ধ করে দিয়েছি । তিনি আরো বলেন টুটুল জেলা পরিষদে একটি আবেদন করেছেন কিন্তু আবেদনটি জেলা পরিষদ এখনো মঞ্ছুর করেনি।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এহসানুল হাবীব জানান, আমরা একটি অভিযোগ পেয়েছি। অভিযোগের বিত্তিতে বিদ্যালয়ের জমিতে ঘর নির্মাণ কাজ বন্ধ করে দেয়া হয়েছে। বিদ্যালয়ের জমি দখল করে ঘর নির্মাণে শুধু বাধায় নয় যাতে কেউ উক্ত জমি দখল করতে না পারে সে ব্যাপারে আইনগত ব্যাবস্থা নেয়া হবে সে লক্ষ্যে তদন্ত করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কিছু জমি দখল করে ঘর নির্মানের কথা শুনেছি, তবে সরকারি জমিতে কেউ অবৈধ ভাবে ঘর কিংবা ব্যাক্তিগত প্রতিষ্ঠান নির্মাণ করতে পারবেনা। যারা করবে তাদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেয়া হবে।

জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ¦ গোলাম রসুল বলেন, জেলা পরিষদের জমি জোরদখল করে ঘর নির্মানের কোন সুযোগ নেই। বিষয়টি আমি জেনেছি। ঘুব শিঘ্রই সার্ভিয়ার পাঠানো হবে এবং আমি নিজে ঘটনাস্থলে গিয়ে পরিদর্শন করে ব্যাবস্থা নেব।

- আল আমীন হোসেন, গাংনী

গাংনীতে ৮ কেজি গাঁজাসহ দু’মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রাম থেকে ৮ কেজি গাঁজাসহ ২জন মাদক কারবারিকে গ্রেফতার করেছে গাংনী থানাপুলিশ।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে সাহেবনগর গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো,শরিয়তপুরের পালং উপজেলার বিনোদপুর গ্রামের

আনোয়ার হোসেনের ছেলে ফকরুল ইসলাম (২৫) ও মাদারিপুর সদর উপজেলার আমিরাবাদ গ্রামের মৃত মোদাচ্ছের হোসেন এর ছেলে শাহিন হোসেন(৩৮)।

গাংনী থানা সুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় মাদক পাচারের উদ্দেশ্যে কয়েকজন মাদক ব্যবসায়ীরা উপজেলার সাহেবনগর গ্রামে অপেক্ষা করছে। এমন সময় গাংনী থানা পুলিশের একটি দল তাদের কাছে থাকা ট্রাভেল ব্যাগ তল্লাশী করে ৮ কেজি গাঁজা উদ্ধার করে।

ওসি ওবাইদুর রহমান জানান, গ্রেফতারকৃতদের মাদক মামলায় মেহেরপুর কোর্টে প্রেরণ করা হবে।

- গাংনী প্রতিনিধি